অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেট জুড়ে 620টিরও বেশি কর্মসংস্থান সমর্থন করে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার ঘোষণা করেন

রিচার্জ NY বিদ্যুৎ বরাদ্দ এবং পশ্চিম নিউ ইয়র্কে অতিরিক্ত অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার বোর্ড অব ট্রাস্টিস কর্তৃক অনুমোদিত বেসরকারি মূলধন বিনিয়োগে 127 মিলিয়ন মার্কিন ডলার

NYPA বোর্ড অর্থনৈতিক উন্নয়ন পুরস্কারের জন্য ভবিষ্যতে অ্যাপ্লিকেশনগুলিতে গ্রিন জব উপাদানসমূহ বিবেচনা করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির বোর্ড অব ট্রাস্টিস (New York Power Authority's Board of Trustees) 11টি অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার অনুমোদন করেছে যা স্টেট জুড়ে 620 টিরও বেশি কর্মসংস্থানকে সমর্থন করবে এবং বেসরকারি মূলধন বিনিয়োগে 127 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি উৎসাহ প্রদান করবে। রিচার্জ NY বিদ্যুৎ বরাদ্দগুলির মাধ্যমে আটটি পুরস্কার প্রদান করা হচ্ছে, অন্যদিকে অবশিষ্ট তিনটি পশ্চিম নিউ ইয়র্কের উপর মনোযোগ প্রদান করা হয়েছে। এছাড়াও বোর্ড নিউ ইয়র্কে এবং উৎপাদনে আবেদনকারীদের সহায়তা অন্তর্ভুক্ত করার জন্য অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার প্রাপ্তদের মূল্যায়নের মানদণ্ড আপডেট করেছে।

"এই মহামারি অর্থনীতিতে মারাত্মক প্রভাব ফেলেছে, কিন্তু এই মহান চ্যালেঞ্জ নিউ ইয়র্কের জন্য আগের চেয়ে ভালোভাবে গড়ে তোলার একটি সুযোগ তৈরি করেছে," ***গভর্নর কুওমো বলেন।*** *"আমাদের সবুজ লক্ষ্যের সাথে সামঞ্জস্য রেখে, আমরা COVID দ্বারা সৃষ্ট অর্থনৈতিক বোঝা কমাতে, নিউ ইয়র্ক কোম্পানি এবং অলাভজনক প্রতিষ্ঠান দ্বারা সৃষ্ট অর্থনৈতিক বোঝা কমাতে এবং আমাদের স্টেটে কর্মসংস্থান সৃষ্টি করতে স্টেটের কিছু পরিচ্ছন্ন এবং সর্বনিম্ন খরচের বিদ্যুৎ সরবরাহ করছি।"*

"COVID-19 মহামারির সাথে লড়াই করার সময় আমরা অর্থনৈতিক উন্নয়ন এবং চাকরির প্রশিক্ষণে বিনিয়োগ অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার পশ্চিম নিউ ইয়র্কসহ স্টেট জুড়ে 620টিরও বেশি কর্মসংস্থানকে সহায়তা করবে। যখন আমরা আমাদের অর্থনীতিকে আরো উন্নত করতে এবং আমাদের অর্থনীতিকে শক্তিশালী করার জন্য কাজ করছি, আমরা নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্কবাসীদের ভা কাজ ধরে রাখা এবং সুরক্ষিত করার সুযোগ আছে এবং কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার প্রচেষ্টা এবং

একটি আরো পরিষ্কার, আরো সবুজ এবং আরো শক্তিশালী নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য আমাদের প্রচেষ্টা অগ্রসর হচ্ছে।"

রিচার্জ NY কর্মসূচি (ReCharge NY program) এর অধীনে 5,400 কিলোওয়াট (kW) কম খরচে বিদ্যুৎ বরাদ্দ সেন্ট্রাল নিউ ইয়র্ক, পশ্চিম নিউ ইয়র্ক ও লং আইল্যান্ডে আটটি কোম্পানিকে নির্দেশ দেওয়া হয়েছে এবং সরাসরি 523টি কর্মসংস্থানকে- 81টি নবনির্মিত এবং প্রায় 113 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা করা হয়েছে।

রিচার্জ NY বিদ্যুৎ বরাদ্দ এবং অর্থনৈতিক উন্নয়ন পুরস্কারের একটি পূর্ণাঙ্গ তালিকা এখানে পাওয়া যাবে।

গভর্নর কুওমোর রিচার্জ NY কর্মসূচি কোম্পানিগুলোকে স্টেট জুড়ে মূলধন বিনিয়োগের সূত্রপাত করে এবং কর্মসংস্থান ধরে রাখতে ও সৃষ্টি করতে উৎসাহিত করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে শক্তিশালী করেছে। রিচার্জ NY সাত বছর পর্যন্ত বিদ্যুতের চুক্তি সরবরাহ করে। অর্ধেক বিদ্যুৎ-455 মেগাওয়াট (MW) NYPA-এর নায়াগ্রা এবং সেন্ট লরেন্স-ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট জলবিদ্যুৎ কেন্দ্র (Niagara and St. Lawrence-Franklin D. Roosevelt hydroelectric power plants) থেকে এসেছে। অবশিষ্ট 455 মেগাওয়াট কম-মুল্যের বিদ্যুৎ NYPA পাইকারি বাজার থেকে ক্রয় করে।

NYPA এর চেয়ারম্যান ও বাফেলোর অধিবাসী জন আর. কোলমেল বলেন, "যেহেতু আমরা একটি খুব কঠিন বছরের শেষের দিকে, নিউ ইয়র্ক জুড়ে কর্মসংস্থান এবং মূলধন বিনিয়োগ প্রবৃদ্ধিকে সমর্থন করার জন্য NYPA তার অর্থনৈতিক উন্নয়ন সরঞ্জামের ব্যবহার অব্যাহত রেখেছে। গভর্নরের রিচার্জ নিউ ইয়র্ক কর্কসূচির মাধ্যমে স্টেটব্যাপী বিদ্যুৎ বরাদ্দ এবং পশ্চিমী নিউ ইয়র্কে আমাদের নায়াগ্রা জলবিদ্যুৎ বরাদ্দ এবং তহবিল পুরস্কারগুলি স্টেট জুড়ে কর্মীদের নিরাপদে কাজ করতে ফিরিয়ে দেওয়ার জন্য পরিকল্পনা করা হয়েছে।"

গিল সি. কিনিওনেস, NYPA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহি কর্মকর্তা, বলেছেন, "গভর্নরের NY ফরওয়ার্ড পরিকল্পনার অধীনে, স্টেট মহামারি থেকে নিরাপদে সামনে এগিয়ে যাচ্ছে এবং NYPA ব্যবসায়ীদের ফিরে আসতে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ। আজকের বিদ্যুৎ ও তহবিলের বরাদ্দগুলি স্টেট জুড়ে উদ্যোগগুলিকে একটি গুরুত্বপূর্ণ লিফট সরবরাহ করবে কারণ এই সুবিধাগুলি সরাসরি তাদের নীচের লাইনে চলে যায়।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার, প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "এ বছরের অসাধারণ অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলার জন্য পশ্চিম নিউ ইয়র্ক প্রস্তুতকারকদের সহায়তা করার জন্য NYPA এর সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত। মনোসিস্টেমগুলির অবিচ্ছিন্ন সাফল্য ও প্রসারণ, নতুন কর্মসংস্থান ও সুযোগ যুক্ত করা, সম্প্রদায় কিভাবে আরো সুন্দরভাবে গড়ে তুলতে কঠোর পরিশ্রম করছে তার একটি উদাহরণ।"

NYPA বোর্ড আক্রোনের নায়াগ্রা স্পেশালিটি মেটাল (Niagara Specialty Metals) এ 700 কিলোওয়াট জলবিদ্যুৎ বরাদ্দ এবং বাফেলোর মনোসিস্টেমসের জন্য 180 কিলোওয়াট জলবিদ্যুৎ বরাদ্দ অনুমোদন করেছে। নায়াগ্রা স্পেশালিটি মেটালস (Niagara Specialty Metals), ইস্পাত এবং ধাতু জাতীয় পণ্যের প্রস্তুতকারক, পাঁচটি নতুন কর্মসংস্থান সৃষ্টি করতে থাকবে, আরো 37টি ধরে রাখবে এবং প্রায় প্রায় 13 মিলিয়ন মার্কিন ডলার মূলধনী বিনিয়োগ করবে। দশ বছরের বিদ্যুৎ বরাদ্দ একটি বহু বছরের সম্প্রসারণকে সমর্থন করবে যা প্রক্রিয়াজাতকরণ সরঞ্জাম কেনার আহ্বান জানাবে, যার মধ্যে রয়েছে অ্যালয় উৎপাদনের জন্য একটি নতুন রোলিং মিল ক্রয় এবং স্থাপন।

মনোসিস্টেমগুলি, প্রাথমিকভাবে বৈদ্যুতিক প্রকৌশলী এবং ঠিকাদারদের দ্বারা ব্যবহৃত তার এবং কেবল সমাধানগুলির প্রস্তুতকারক, 15টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে, ৪0টি বেশি ধরে রাখবে এবং মূলধন বিনিয়োগে 420,000 মার্কিন ডলারেরও বেশি আয় করবে। দশ বছরের বিদ্যুৎ বরাদ্দ সংস্থাটি তার বাফেলো সুবিধার সম্প্রসারণকে সমর্থন করবে এবং সংস্থাকে বহির্মুখী পলিভিনাইল ক্লোরাইড উৎপাদনের অনুমতি প্রদান করবে যা বর্তমানে এটি চীন থেকে ক্রয় করে। উপরন্তু, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিটে 240,000 মার্কিন ডলার পর্যন্ত সম্প্রসারণ প্রকল্পে কোম্পানিকে সহায়তা করছে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিদ্যুৎ আয় কর্মসূচির অধীনে রিভার রোড রিসার্চে চূড়ান্ত 220,000 মার্কিন ডলার পুরস্কার অনুমোদন করা হয়েছে যা 1 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূলধন বিনিয়োগকে কাজে লাগাবে। এই উদ্যোগ বাফেলোতে খাদ্য বর্জ্যকে একটি কীটপতঙ্গ প্রোটিনে রূপান্তরিত করার জন্য একটি কার্যক্রম প্রতিষ্ঠা করতে চাইছে যা জলজ এবং পোল্ট্রি ফিডে ব্যবহার করা যেতে পারে। নতুন প্রক্রিয়াজাতকরণের জায়গাতে একটি ডিম উৎপাদন কক্ষ, বৃদ্ধির কক্ষ, ভ্যাকুয়াম ড্রায়ার ও স্ক্রু প্রেসকে প্রযুক্তির সার্থকতা প্রদর্শন করতে এবং সফলভাবে বিপণন করা যেতে পারে এমন পণ্যগুলির বিকাশ ও বাণিজ্যিকীকরণ অন্তর্ভুক্ত করা হবে। এই প্রযুক্তি পরিবেশগতভাবে টেকসই এবং প্রাকৃতিক জলপথের অতিরিক্ত মাছ ধরা, খাদ্য নিরাপত্তা ও জলবায়ু পরিবর্তনের মত সামাজিক সমস্যার সমাধান করে। NYPA এর নায়াগ্রা বিদ্যুৎ কেন্দ্র থেকে অব্যবহৃত বিদ্যুৎ বিক্রয়ের থেকে নেট উপার্জিত অর্থ এবং 2012 সালে গভর্নর কুওমোর স্বাক্ষরিত আইন থেকে আইনটি পাস করেছিলেন বলে এই পুরস্কারটি দেওয়া সম্ভব হয়েছে।

NYPA বোর্ড নিউ ইয়র্ক স্টেটে গ্রীন জব এবং উৎপাদনের প্রতি আবেদনকারীদের সমর্থন বিবেচনা করার জন্য অর্থনৈতিক উন্নয়ন পুরস্কার আবেদনকারীদের মূল্যায়নের জন্য নতুন মানদণ্ড অনুমোদন করেছে। এটি গভর্নর কুওমো এবং জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের অধীনে স্টেট জুড়ে ক্রমবর্ধমান পরিচ্ছন্ন জ্বালানী অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবে। NYPA তার একাধিক অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে গ্রীন জব এবং উৎপাদনের প্রতি তাদের সমর্থন সম্পর্কে রিপোর্ট করা শুরু করবে। NYPA-এর অর্থনৈতিক উন্নয়ন (Economic Development) ওয়েব পেজে বিদ্যুৎ কর্তৃপক্ষ কর্তৃক সমর্থিত ব্যবসায়িক প্রবৃদ্ধির সুযোগ সম্পর্কে আরো জানুন।

নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেমব্লিম্যান মাইকেল জে. কাসিক, কমিটি সম্পর্কিত এনার্জি সভাপতি বলেছেন, "এই অনিশ্চিত সময়ে অর্থনৈতিক প্রবৃদ্ধির এমন সম্ভাবনাময় ঘোষণা দেখে ভালো লাগছে। নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান এবং মূলধন বিনিয়োগের ঘোষণাটি স্বাগত সংবাদ। রিচার্জ NY কর্মসূচির অধীনে নতুন NYPA অনুমোদিত বরাদ্দের এই ঘোষণা প্রমাণ করে যে আমাদের স্টেটের লক্ষ্য কর্মসংস্থান সৃষ্টি এবং পরিচ্ছন্ন, দক্ষ এবং কম খরচে বিদ্যুৎ সরবরাহ করা যেকোনো পরিস্থিতিতে স্টেটের সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট সিনেটর মাইকেল এইচ. রনজেনহোফার বলেন, "এই কঠিন সময়ে, আমি আমাদের কমিউনিটিতে এই বিনিয়োগ দেখে আনন্দিত। অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টি আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ এবং এই তহবিল উভয়কে পশ্চিম নিউ ইয়র্কে আনতে সাহায্য করবে। আমি এই প্রকল্পগুলির সমাপ্তি দেখার অপেক্ষায় রয়েছি।"

নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "উৎপাদন ও কর্মসংস্থান সৃষ্টির জন্য স্বল্প খরচের জলবিদ্যুতের অ্যাক্সেস অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাফেলোর মনোসিস্টেমে 140 কিলোওয়াট বিদ্যুৎ বরাদ্দের জন্য NYPA-কে ধন্যবাদ, এই কোম্পানি আরো কর্মসংস্থান সৃষ্টি করতে সক্ষম হবে এবং ভবিষ্যতে তার উৎপাদন কার্যক্রম ভালোভাবে প্রসারিত করতে সক্ষম হবে।"

নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলিম্যান মাইকেল জে নরিস বলেন, "স্থানীয় পশ্চিম নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলিতে কম খরচে বিদ্যুৎ সরবরাহ অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি আক্রোন গ্রামে একটি লুকানো শিল্প রত্নের প্রতিনিধিত্ব এবং সমর্থন করতে পেরে গর্বিত এবং তাদের অব্যাহত সাফল্যের জন্য নায়াগ্রা স্পেশালিটি মেটাল (Niagara Specialty Metals) এর প্রশংসা করছি। আমি আমাদের স্থানীয় শিল্প ও ব্যবসাকে সহায়তা করার জন্য ভবিষ্যৎ অর্থনৈতিক উদ্যোগ নিয়ে গভর্নরের সাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলিম্যান প্যাট বার্ক বলেন, "মনোসিস্টেমস বাফেলোর উপর একটা সুযোগ নিয়েছিল যখন আরো কয়েকজন করেছিল। তারা 90-এর দশকের শুরুতে নিউ ইয়র্ক সিটি থেকে বাফেলোতে তাদের কার্যক্রম সরিয়ে নেয় এবং তারপর থেকে আমাদের কমিউনিটিতে কর্মসংস্থান সৃষ্টি করে এবং বিনিয়োগ করে। এটা খুবই গুরুত্বপূর্ণ যে পশ্চিম নিউ ইয়র্কে আমরা এখানে যে বিদ্যুৎ উৎপাদন করি তা পশ্চিম নিউ ইয়র্কের উপকার করে; এটি কার্যকরভাবে একটি ভালো উদাহরণ।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃত্বস্থানীয় জলবায়ু পরিকল্পনা

গভর্নর কুওমোর দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনাটি দেশের সব চেয়ে জোরালো জলবায়ু ও পরিচ্ছন্ন এনার্জি এর উদ্যোগ, যা COVID-19 মহামারি থেকে আরোগ্য লাভ করার সাথে নিউ ইয়র্ক স্টেটের আরো ভালো পুনর্গঠন করার পাশাপাশি সুবিন্যস্ত ও সঠিকভাবে পরিচ্ছন্ন এনার্জিতে পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং একটি সবুজ অর্থনীতির লালন-পালন অব্যাহত রাখে। CLCPA এর মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, নিউ ইয়র্ক অর্থনীতি বিস্তৃত কার্বন নিরপেক্ষতায় তার সংবিধিবদ্ধ লক্ষ্যে পৌঁছানোর পথে এবং 2040 সালের মধ্যে শূন্য-কার্বন নিঃসরণ

বিদ্যুৎ খাত অর্জনের পথে, অন্যকোনো স্টেটের চেয়ে দ্রুতগামী। এটি পরিচ্ছন্ন এনার্জি খাতে নিউ ইয়র্কের অভূতপূর্ব উন্নয়নসহ স্টেট জুড়ে 67টি বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পে 3.9 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের উপর গড়ে তুলছে, নিউ ইয়র্কের পরিচ্ছন্ন এনার্জি খাতে 150,000 এর বেশি কর্মসংস্থানের সৃষ্টি করে, 2035 সালের মধ্যে অফশোর বায়ু থেকে প্রায় 9,000 মেগাওয়াট উৎপাদনের প্রতিশ্রুতি এবং বন্টনযোগ্য সৌর খাতে 2011 সাল থেকে শতকরা 1,800 শতাংশ প্রবৃদ্ধির ভিত্তির উপর প্রতিষ্ঠিত। নিউ ইয়র্কের ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল (Climate Action Council) এই অগ্রগতির উপর ভিত্তি করে বৃদ্ধি করতে এবং 2050 সালের মধ্যে 1990 সালের তুলনায় গ্রীনহাউস গ্যাসের নির্গমন 85 শতাংশ কমানোর জন্য এবং তার সাথে পরিচ্ছন্ন এনার্জির বিনিয়োগের অন্তত 40 শতাংশ বঞ্চিত সম্প্রদায়গুলিকে সুবিধার প্রদান করে তা নিশ্চিত করা, এবং 2025 সালের মধ্যে অন-সাইট এনার্জির খরচ 185 ট্রিলিয়ন ব্রিটিশ তাপ ইউনিট প্রতিদিন (Trillion British thermal units per day, TBtus) কমানোর লক্ষ্যমাত্রার দিকে এগিয়ে যাবে।

NYPA সম্পর্কে

NYPA হচ্ছে দেশের সবচেয়ে বৃহৎ স্টেট সরকারি বিদ্যুৎ সংস্থা যা 16টি উৎপাদক কারখানা এবং 1,400 সার্কিট-মাইলেরও বেশি ট্রান্সমিশন লাইন পরিচালনা করে। NYPA উৎপাদিত বিদ্যুতের 80 শতাংশেরও বেশি হচ্ছে পরিচ্ছন্ন নবায়নযোগ্য হাইড্রোপাওয়ার। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য দেখুন www.nypa.gov এবং টুইটার (Twitter), ফেসবুক (Facebook), ইন্সটাগ্রাম (Instagram), টাম্বলার (Tumblr) এবং লিঙ্কডইন (LinkedIn) এ আমাদের ফলো করুন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন